

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গণযোগাযোগ অধিদপ্তর  
তথ্য ভবন  
১১২, সার্কিট হাউজ রোড, রমনা, ঢাকা।  
[www.masscommunication.gov.bd](http://www.masscommunication.gov.bd)

নং ১৫.৫৬.২৬৬৬.০০২.১৬.৯৫.১৫-(পার্ট-১) - ৭৬৭

তারিখ : ১৬/০৩.২০২০


বিষয় : তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সংবলিত ফেব্রুয়ারি-২০২০ (২য় পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রেরণ।

গণযোগাযোগ অধিদপ্তর ৬৪ জেলা তথ্য অফিস এবং পার্বত্য এলাকায় উপজেলা পর্যায়ে ৪ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে পাক্ষিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্যোগ (ব্র্যাডিং শেখ হাসিনা) বিষয়ক চলচ্চিত্র প্রদর্শনী ও কুইজ প্রতিযোগিতা, ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, আলোচনা সভা, মহিলা সমাবেশ, মুক্তিযুদ্ধের চেতনায় দেশাত্মবোধক সংগীতানুষ্ঠান এবং বিষয়ভিত্তিক সংগীতানুষ্ঠানের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদকবিরোধী অভিযান, তথ্য অধিকার আইন এবং সরকারের সাফল্য অর্জন ও উন্নয়ন কর্মকাণ্ডের উপর উদ্বুদ্ধকরণ বার্তা প্রচার করে থাকে। এ সকল কর্মকাণ্ড বাস্তবায়ন করতে গিয়ে বিভিন্ন বিষয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে ফেব্রুয়ারি-২০২০ (২য় পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযোজনী : প্রতিবেদন এক প্রস্থ।

  
১৬/০৩/২০

(আকতার হোসেন)

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোন : ৮৩০০৬৪০।

[dgmasscommunication@yahoo.com](mailto:dgmasscommunication@yahoo.com)

সচিব

তথ্য মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণঃ

০১। উপসচিব (তগ-২), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (ডিপ্লোমা), গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা। (প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

## ফেব্রুয়ারি-২০২০(২য় পক্ষ)

### ● জনমত শিরোনাম

— সর্বস্তরে বাংলা ভাষার প্রচলন ও ভাষার শুদ্ধতা রক্ষার আহবানের মধ্য দিয়ে যথাযোগ্য মর্যাদায় মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

— নিত্যপণ্যের মূল্য স্থিতিশীল রাখতে বাজার মনিটরিং জোরদার করার দাবি ভোক্তাসাধারণের

— বোরো ধান ও রবি শস্যের ভরা মৌসুমে সেচ সুবিধাসহ কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ

— সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। খাদ্যে ভেজাল প্রতিরোধে মোবাইল কোর্টের অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ

চলমান পাতা - ২





☐ সর্বস্তরে বাংলা ভাষার প্রচলন ও ভাষার শুদ্ধতা রক্ষার আহবানের মধ্য দিয়ে যথাযোগ্য মর্যাদায় মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

• অমর একুশের চেতনায় উজ্জীবিত হয়ে সর্বস্তরে বাংলা ভাষার প্রচলন এবং ভাষার শুদ্ধতা রক্ষার আহবানের মধ্য দিয়ে ১৯৫২ সালে ভাষা আন্দোলনের স্মৃতিবহ মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। গত ২১ ফেব্রুয়ারি জাতীয় শহীদ মিনারসহ সারাদেশে সর্বস্তরের মানুষ মাতৃভাষার মর্যাদা রক্ষায় অকুতোভয় ভাষা শহীদদের প্রতি পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেছে বলে জনমতে প্রকাশ।

• এদিকে, মহান শহীদ দিবস উপলক্ষে দেশজুড়ে নানা আয়োজনে আপামর জনসাধারণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ পরিলক্ষিত হয়েছে। বাঙালির প্রতিটি সংগ্রামের অনুপ্রেরণা ও চেতনা বিকাশের মূলমন্ত্র হিসাবে অমর একুশের অবদান প্রধান উপজীব্য ছিলো বলে আয়োজিত এসব অনুষ্ঠানে সর্বমহল মতামত প্রকাশ করেছে।

☐ নিত্যপণ্যের মূল্য স্থিতিশীল রাখতে বাজার মনিটরিং জোরদার করার দাবি ভোক্তাসাধারণের।

• খুচরা বাজারে চালসহ প্রায় সকল ধরনের নিত্যপণ্যের মূল্য স্থিতিশীল রয়েছে বলে জনমত ও প্রতিক্রিয়ায় জানা গেছে। সকল নিত্য প্রয়োজনীয় পণ্যের দাম স্থিতিশীল রাখতে বাজার মনিটরিং জোরদার করার দাবি জানিয়েছে ভোক্তাসাধারণ।

☐ বোরো ধান ও রবি শস্যের ভরা মৌসুমে সেচ সুবিধাসহ কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ

• সারাদেশে বোরো ধান ও রবি শস্য আবাদে ভরা মৌসুম চলছে বলে জনমতে জানা গেছে। তবে, বিভিন্ন যোগাযোগ ব্যবস্থার প্রতিবন্ধকতার কারণে কৃষি উপকরণ সরবরাহ যাতে বাধাগ্রস্ত না-হয় সে ব্যাপারে কৃষকসমাজ সরকারের দৃষ্টি আকর্ষণ করেছে।

• এদিকে, দেশের বিভিন্ন স্হানে বোরো ধান রোপনের কাজ শেষ হয়েছে বলে জনমতে প্রকাশ। গ্রীষ্ম মৌসুমকে সামনে রেখে বোরো ধানের বাম্পার ফলন নিশ্চিতকরণের লক্ষ্যে সেচসুবিধার জন্য নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ওপর জোর দিয়েছে অভিজ্ঞমহল।

☐ সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। খাদ্যে ভেজাল প্রতিরোধে মোবাইল কোর্টের অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ

• দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক বলে জনমত ও প্রতিক্রিয়ায় জানা গেছে। তবে, সম্প্রতি শিশু হত্যাসহ কতিপয় শিশু নির্যাতনের ঘটনায় জনসাধারণ গভীর উদ্বেগ প্রকাশ করেছে।

• এছাড়া, খাদ্যে ক্ষতিকর রাসায়নিক পদার্থ মিশ্রণ ও ভেজাল প্রতিরোধে মোবাইল কোর্টের অভিযান সারাবছর অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ করেছে সচেতনমহল। পাশাপাশি, কক্সবাজারসহ সীমান্তবর্তী জেলাসমূহে মাদকদ্রব্যের চোরাচালান ও অপব্যবহার প্রতিরোধে প্রশাসনের কঠোর অবস্থান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ জনসাধারণের।

তৈয়ব/হাছিনা/শুকলা/রীনা/প্রতিমা

Shuch  
শুকলা বনিক  
তথ্য ও ডকুমেন্টেশন অফিসার (অ.দা.)  
গণযোগাযোগ অধিদপ্তর  
তথ্য মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৩/১০/২০